

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি-৫ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৩০ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/১৫ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৩০৯-আইন/২০২০।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ সিভিল সার্ভিস (বেয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালায় বিধি ২০ক এর পর নিম্নরূপ বিধি ২০খ সন্নিবেশিত হইবে, যথা :—

“২০খ। জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে জরুরি নিয়োগ।—(১) এই বিধিমালা বা আপাতত বলবৎ অন্য কোনো বিধিমালাতে যাহা কিছুই থাকুক না কেন, সরকার, জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করিবার লক্ষ্যে, নিম্নবর্ণিত পরীক্ষার মাধ্যমে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের এন্ট্রি লেভেল পদে এককালীন নিয়োগ প্রদান করিতে পারিবে, যথা :—

(ক) লিখিত পরীক্ষা (MCQ type) ২০০ নম্বর

(খ) মৌখিক পরীক্ষা ১০০ নম্বর

সর্বমোট= ৩০০ নম্বর।

( ১১৮০৭ )

মূল্য : টাকা ৪.০০

(২) উপ-বিধি (১) এর দফা (ক) এ উল্লিখিত লিখিত পরীক্ষার বিষয়, নম্বর এবং পরীক্ষা গ্রহণের সময় হইবে নিম্নরূপ, যথা :—

ক্রমিক নং	বিষয়	নম্বর বন্টন	সময়
(১)	(২)	(৩)	(৪)
১।	মেডিকেল সায়েন্স	১০০	০২ (দুই) ঘণ্টা
২।	বাংলা	২০	
৩।	ইংরেজি	২০	
৪।	বাংলাদেশ বিষয়াবলি	২০	
৫।	আন্তর্জাতিক বিষয়াবলি	২০	
৬।	মানসিক দক্ষতা	১০	
৭।	গাণিতিক যুক্তি	১০	
	মোট	=২০০	

(৩) প্রতিটি MCQ প্রশ্নের সঠিক উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাইবেন এবং ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন করা হইবে।

(৪) লিখিত পরীক্ষায় পাশ নম্বর কমিশন কর্তৃক নির্ধারিত হইবে এবং উহার সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(৫) মৌখিক পরীক্ষার পাশ নম্বর হইবে ৫০ (পঞ্চাশ)।

(৬) উপ-বিধি (১) এ উল্লিখিত নিয়োগের ক্ষেত্রে বয়স, ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এবং প্রয়োজনীয় অন্যান্য যোগ্যতা ও শর্তের ক্ষেত্রে এই বিধিমালার অন্যান্য বিধানাবলি প্রযোজ্য হইবে।

(৭) লিখিত পরীক্ষা কেবল ঢাকায় অনুষ্ঠিত হইবে :

তবে শর্ত থাকে যে, প্রার্থী সংখ্যা এবং পরিস্থিতি বিবেচনায় কমিশনের নিকট প্রয়োজনীয় প্রতীয়মান হইলে ঢাকার বাহিরে অন্যান্য কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হইবে”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ ইউসুফ হারুন**

সচিব।